# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 28 April, 2025

বাগেরহাটে বর্নাঢ্য আয়োজনে জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২৫ উদযাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে সোমবার (২৮ এপ্রিল) সকালে জেলা জজ আদালত চত্বরে বেলুন ও কবুতর উড়িয়ে দিবসটি উপলক্ষে আয়োজিত কর্মসূচির উদ্বোধন করা হয়।

পরে "দ্বন্দ্বে কোন আনন্দ নাই, আপস করো ভাই, লিগ্যাল এইড আছে পাশে,কোন চিন্তা নাই " এই প্রতিপাদ্য নিয়ে আদালত চত্বর থেকে বাদ্য বাজিয়ে একটি শোভাযাত্রা বের করা হয়। খুলনা-বাগেরহাট মহাসড়কের একাংশ ঘুরে শোভাযাত্রাটি পুনরায় আদালত চত্বরে এসে শেষ হয়।

শোভাযাত্রায় বাগেরহাটের জেলা ও দায়রা জজ মো. আশরাফুল আলম, বাগেরহাটের জেলা প্রশাসক আহমেদ কামরুল হাসান,চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এস এম আনিসুর রহমান, জেলা আইনজীবী সমিতির সদস্য, আইনজীবী সহকারি সমিতির সদস্যসহ বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।

জেলা ও দায়রা জজ মো. আশরাফুল আলম বলেন, লিগ্যাল এইড বিষয়ে মানুষকে সচেতন করতে মূলত আমাদের আজকের এই আয়োজন।সবাই যদি সবাইকে লিগ্যাল এইডের সেবা সম্পর্কে সবাইকে জানাতে হবে।কোন প্রকার দ্বন্দ হলেই মামলা না করে, লিগ্যাল এইডের মাধ্যমে আপসের চেষ্টা করার আহবান এই বিচারক।

বাগেরহাট আইনজীবী লিগ্যাল এইড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:51

URL: https://www.timestodaybd.com/across-the-country/1554478876